



এনইআইআর পরীক্ষার কারণে কিছু মোবাইল সংযোগ সাময়িক বন্ধ



সংগৃহীত ছবি

বাংলাদেশে মোবাইল ফোনের অবৈধ ব্যবহার রোধে ন্যাশনাল ইকুইপমেন্ট আইডেন্টিটি রেজিস্টার (এনইআইআর) সিস্টেমের পরীক্ষামূলক রান চলছে। এর ফলে আজ দুপুর ১২টা পর্যন্ত ডিরেজিস্ট্রেশন ছাড়া সিম ব্যবহার করলে কিছু গ্রাহকের সংযোগ সাময়িকভাবে বন্ধ হতে পারে।

রোববার (২২ ফেব্রুয়ারি) অ্যাসোসিয়েশন অব মোবাইল টেলিকম অপারেটর্স অব বাংলাদেশ (অ্যামটব) এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সিস্টেমের পরীক্ষামূলক কার্যক্রম চলবে। এই সময় সীমিত সংখ্যক গ্রাহক নেটওয়ার্কে অস্থায়ী সমস্যা অনুভব করতে পারেন। তবে পরীক্ষা শেষ হওয়ার পর সংযোগ স্বয়ংক্রিয়ভাবে পুনরায় চালু হবে। অ্যামটব গ্রাহকদের অস্থায়ী অসুবিধার জন্য দুঃখ প্রকাশ করেছে।

উল্লেখ্য, এনইআইআর সিস্টেম আনুষ্ঠানিকভাবে ১ জানুয়ারি থেকে দেশে চালু হয়েছে। এর মাধ্যমে মোবাইল নেটওয়ার্কে ব্যবহৃত প্রতিটি ফোনের আইএমআই নম্বর জাতীয় ডাটাবেজে যুক্ত করা হয়েছে, যা অনিবার্ণিত ফোন সনাক্ত ও ব্যবহার রোধে সাহায্য করবে।